গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা
www.bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১০৯

তারিখ: ২১ চৈত্র ১৪২৯
০৪ এপ্রিল ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ০৬-০৪-২০২৩ তারিখ সকাল ১১.০০ টায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যদের স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার আলোচ্য সূচি

৪-৪-২০২৩
মোঃ মামুনুর রশিদ
পরিচালক
ফোন: ০২৫৮৮৮৫১২১৭
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২
ইমেইল:
mamun659@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) উপ-প্রধান নিরীক্ষক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৬) সহকারী পরিচালক, কমন সার্ভিস শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৭) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) ফটোগ্রাফার, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভার ছবি তোলার জন্য।

৯) কেয়ারটেকার (অতিরিক্ত দায়িত্ব), কমন সার্ভিস শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড,রাজশাহী। সভা কক্ষ প্রস্তুত রাখার জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

"জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৬-০৪-২০২৩ খ্রি: |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি সকলকে মাহে রমজানের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সকলকে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশনা দেন। বিশেষ করে অফিস কক্ষের বাহিরে বের হওয়ার সময় কক্ষের লাইট বৈদ্যুতিক পাখা ও এসি বন্ধ করে বের হওয়ার জন্য বলেন। অত:পর তিনি  পরিচালক (প্রশাসন) কে সভা পরিচালনার জন্য অনুমতি প্রদান করেন। পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ৪র্থ কোয়ার্টারে উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।
পরিচালক প্রশাসন উপস্থিত সকলকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ১.১ এর বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।_কর্মপরিকল্পনার মধ্যে যে সকল বিষয় রয়েছে সেসকল বিষয়ের আলোকে নৈতিকতা কমিটিতে আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে সিদ্ধান্ত বাস্তবায়ন করলে অর্ধেক নম্বর পাওয়া যাবে। কর্মপরিকল্পনার বাহির থেকে আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে বাস্তবায়ন করলে পূর্ন নম্বর পাওয়া যাবে। এ বিষয় সভাপতি বলেন, বোর্ডে ৪(চার) টি বিভাগ ও একাদিক শাখা রয়েছে। বিভাগ/শাখা গুলো পরিদর্শন করে কোন বিভাগের কি সমস্যা রয়েছে, কোন চিঠিপত্র পেন্ডিং রয়েছে কিনা, বিভাগ/শাখায় ব্যবহৃত রেজিষ্ট্রার যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা, অফিস কক্ষ পরিস্কার পরিচ্ছন্ন কিনা, কর্মকর্তা/কর্মচারীগন যথাসময় অফিসে আগমন/প্রস্তান করছেন কিনা তা পর্যবেক্ষণ করতে হবে। কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এ বিষয় নির্দেশনা প্রদান করতে হবে। এ বিষয় উপস্থিত সকলে একমত পোষন করলে সভাপতি পরিচালক (উৎপাদন ও বিপণন)কে উৎপাদন ও বিপণন বিভাগ পরিদর্শন করে ৩১মে/২০২৩ তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন।
কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ১.২ এর আলোকে সভাপতি নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।
কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ১.৩ এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪(চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে।  ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাংগামাটিতে সভার আয়োজন করার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। সভাপতি বলেন, সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। সভায় সুধীজন বোর্ডের স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। সভায় পার্বত্য প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ সিরাজুর রহমানকে ,উপস্থিত থেকে সভা পরিচালনার নির্দেশ প্রদান করেন। সভার নোটিশ ,উপস্থিতির হাজিরা,কার্যবিবরণী ও ছবি নির্ধারিত তারিখের মধ্যে প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।
কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ১.৫ এ "পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি" এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নকরার জন্য দায়িত্বপ্রাপ্ত কমিটিকে নির্দেশনা প্রদান করেন। কমিটি বোর্ড প্রধান কার্যালয় ও এর চার পাশের ঝোপ- জঙ্গল  পিও কেন্দ্রে কর্মরত লেবারদের দ্বারা এবং অফিসের প্রতিটি কক্ষ ও করিডোর পরিচ্ছন্নতা কর্মীদের দ্বারা পরিষ্কার করিয়ে আগামী ৩০ মে/২০২৩ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ১.৬ এ বিষয় পরিচালক প্রশাসন বলেন আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক ২৫-০৪-২০২৩ তারিখ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে যা নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ২.২ এর আলোকে রাজস্ব বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা ৩য় কোয়ার্টার পর্যন্ত ৫০% বাস্তবায়ন হয়েছে। এ বিষয় জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী সভায় অবগত করেন যে, অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিচালন বাজেটের অন্যান্য ভবন ও স্থাপনা খাতে অর্থের ছাড় না হওয়ায় দরপত্র আহ্বান করার পরেও দরপত্র বাতিল করা হয়েছে। পরবর্তীতে অর্থের ছাড় হওয়ার প্রেক্ষিতে দরপত্র আহ্বানের পর NOA প্রদান করা হয়েছে। যা কার্যক্রমের অগ্রগতি ৫০%। সভাপতি বলেন সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। মন্ত্রণালয় হতে অর্থ ছাড় হলে কার্যক্রম পরিচালনা করতে হবে।

উন্নয়ন বাজেটের বার্ষিক ক্রয় পরিকল্পনার ৯৬% ৩য় কোয়ার্টার পর্যন্ত বাস্তবায়িত হয়েছে এবং ৪র্থ কোয়ার্টরের মধ্যে ১০০% বাস্তবায়ন করা হবে মর্মে রংপুর প্রকল্পের প্রকল্প পরিচালক ও পরিচালক সম্প্রসারণ সভায় অবহিত করেন ।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ২.৩ এর বাজেট বাস্তবায়ন রাজস্ব ২য় কোয়ার্টার পর্যন্ত ৪০% বাস্তবায়িত হয়েছে ৩য় কোয়ার্টারের অর্থ সময়মত ছাড় না হওয়ার কারণে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করা সম্ভব হয়নি।উন্নয়ন বাজেটে ৩য় কোয়ার্টার পর্যন্ত ৪০% বাস্তবায়িত হয়েছে এবং ৪র্থ কোয়ার্টারের মধ্যে ১০০% বাস্তবায়ন করা হবে মর্মে রংপুর প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন ।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ২.৪ এর প্রেক্ষিতে প্রকল্পের PIC সভার আয়োজন করতে হবে এবং সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী সংযুক্ত করে প্রমানক হিসেবে দাখির করতে হবে।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ৩.৩ প্রশিক্ষণপ্রাপ্ত চাষী /বসনীদের তথ্য যাচাই: এ বিষয় পরিচালক সম্প্রসারণ বলেন, বোর্ডের চলমান তিনটি প্রকল্পের মধ্যে অত্র ২য় কোয়ার্টারে রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে রংপুর প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ প্রকৃত চাষী/বসনীগনকে দেয়া হচ্ছে কি না তা দৈবচয়ন ভিত্তিতে ব্যাচ নির্বাচন করে নির্বাচিত ব্যচের ২৫ জন প্রশিক্ষণার্থীর তথ্য সরজমিনে যাচাই করা হয়েছে। ৩য় কোয়ার্টারে পার্বত্য প্রকল্পের তথ্য যাচাই করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারে সমন্বিত প্রকল্পের আওতায় প্রশিক্ষণকৃত প্রশিক্ষণার্থীদের তথ্য যাচাই করা হবে মর্মে পরিচালক (সম্প্রসারণ) সভায় অবহিত করেন। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে তথ্য যাচাই করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

কর্মপরিকল্পনার আলোচ্য সূচী ৩.৪ মোবাইল ফাইন্যান্সিয়ার সার্ভিস এর মাধ্যমে রেশম গুটির মূল্য পরিশোধ; মৌসুম ভিত্তিক রেশম গুটির মূল্য পরিশোধের তালিকা থেকে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত ২০ জন চাষী/বসনীর সাথে মোবাইলফোনে যোগাযোগ করে টাকা প্রাপ্তির সত্যতা যাচাই করা হবে। সম্প্রসারণ বিভাগ বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করবেন ।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) পরিচালক (উৎপাদন ও বিপণন) উৎপাদন ও বিপণন বিভাগ পরিদর্শন করে ৩১মে/২০২৩ তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রশাসন বিভাগে দাখিল করবেন।

বাস্তবায়নে: পরিচালক (উৎপাদন ও বিপণন),বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড,রাজশাহী।

(২) ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাংগামাটি, কার্যালয় নির্ধারিত সময়ের মধ্যে সভার আয়োজন করতে হবে। সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন, রেশম চাষী/বসনীসহ স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। পার্বত্য প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ সিরাজুর রহমান উপস্থিত থেকে সভা পরিচালনা করবেন। সভার নোটিশ ,উপস্থিতির হাজিরা,কার্যবিবরণী ও ছবি নির্ধারিত তারিখের মধ্যে প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সম্প্রসারণ বিভাগ/ প্রকল্প পরিচালক, পার্বত্য প্রকল্প/ উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাংগামাটি ।

(৩) ১.৫ এ "পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি" কমিটি বোর্ড প্রধান কার্যালয় ও এর চার পাশের ঝোপ- জঙ্গল পি৩ কেন্দ্রের লেবার দ্বারা

এবং অফিসের প্রতিটি কক্ষ ও করিডোর পরিচ্ছন্নতা কর্মীদের দ্বারা পরিষ্কার করিয়ে আগামী ৩১ মে/২০২৩ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

(৪) সমন্বিত প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ প্রকৃত চাষী/বসনীগনকে দেয়া হচ্ছে কি না তা দৈবচয়ন ভিত্তিতে ব্যাচ নির্বাচন করে নির্বাচিত ব্যচের ২৫ জন প্রশিক্ষণার্থীর তথ্য সরজমিনে যাচাই করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করবে।।

বাস্তবায়নে: পরিচালক(সম্প্রসারণ)/প্রকল্প পরিচালক, সমন্বিত প্রকল্প । বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

উল্লিখিত বিষয়গুলো স্ব-স্ব বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বাস্তবায়ন করে গ্রহণযোগ্য প্রমাণকসহ প্রতিবেদন (কার্যক্রমের আলোচ্য সূচি নং উল্লেখ্য পূর্বক) যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১১৭

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) প্রকল্প পরিচালক (সকল) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৩) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৪) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৫) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি।

৬) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৭) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড



মোঃ মামুনুর রশিদ
পরিচালক

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
<u>রাজশাহী।</u>

০৬-০৪-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত <u>জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।</u>

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | 2 | 3 |
| ১. | জনাব ড. এম এ মান্নান<br>পরিচালক (অর্থ ও পরিকল্পনা)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২০২৩ |
| ২. | জনাব মোঃ মামুনুর রশিদ<br>পরিচালক (প্রশাসন)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] |
| ৩. | জনাব মোসাঃ নাছিমা খাতুন<br>পরিচালক (উৎপাদন ও বিপণন)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২০২৩ |
| ৪. | জনাব মোঃ এমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ)<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২৩ |
| ৫. | জনাব মোঃ লুৎফর রহমান তালুকদার<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>নির্বাহী প্রকৌশলী<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/৪/২৩ |
| ৬. | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২৩ |
| ৭. | জনাব মোঃ আবু তালেব<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২০২৩ |
| ৮. | জনাব শেখ মোঃ আব্দুল্লাহ আল কাফী<br>উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬/০৪/২০২৩ |
| ৯. | জনাব সুমন ঠাকুর<br>জনসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [illegible] ০৬.০৪.২০২৩ |
| ১০. | [illegible]<br>[illegible] (প্রকৌ) BSRTI | [illegible] ০৬/০৪/২০২৩ |
| ১১. | | |

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে

## নৈতিকতা কমিটির সভা

## সভাপতি : জনাব মোঃ আনওয়ার হোসেন

**মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী**

তারিখ : ০৬/০৪/২০২৩ রোজ : বৃহস্পতিবার, বেলা- ১১.০০ ঘটিকা

**আয়োজনে : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী**



